

**শুদ্ধাচার সংশ্লিষ্ট পুরস্কার প্রদান নীতিমালা**  
**রূপালী ব্যাংক লিমিটেড**

**৫. পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ :**


- \*বিবেচ্য কর্মকর্তা/কর্মচারীকে ন্যূনতম ৩ (তিন) বছর রূপালী ব্যাংক লিমিটেড-এ কর্মরত থাকতে হবে।
- \*কোন কর্মকর্তা/কর্মচারীর গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মকর্তা/কর্মচারী হিসেবে নির্বাচন করতে হবে।
- \*কোন কর্মকর্তা/কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- \* সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- \* মূল্যায়নের পর একাধিক কর্মকর্তা/কর্মচারী একই নম্বর পেলে লটারির ভিত্তিতে সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করতে হবে।
- \*কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন ইংরেজি পঞ্জিকা বর্ষে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ০৩ (তিন) ইংরেজি পঞ্জিকা বর্ষে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না।


**৬. পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন :**


- (১) 'পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহের' অন্তর্ভুক্ত রাষ্ট্র মালিকানাধীন/বিশেষায়িত ক্যাটাগরি এবং বেসরকারী/বিদেশী ক্যাটাগরিতে ১ম ধাপের (প্রধান নিবাহী থেকে পরবর্তী দুই বা তিন ধাপ বিশিষ্ট) একজন প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে কমিটির রূপরেখা নিম্নরূপ হবে।
  - ক) ব্যাংকের চেয়ারম্যান
  - খ) পরিচালনা পর্ষদের দুইজন পরিচালক
- (২) রাষ্ট্র মালিকানাধীন/বিশেষায়িত ক্যাটাগরি এবং বেসরকারী/বিদেশী ক্যাটাগরিতে ২য় ধাপ থেকে ৫ম ধাপ পর্যন্ত প্রতিটি ধাপে একজন করে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে কমিটির রূপরেখা নিম্নরূপ হবে।
  - ক) ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও মহোদয়
  - খ) মহাব্যবস্থাপক ও ফোকাল পয়েন্ট এবং উপ-মহাব্যবস্থাপক, সাধারণ ব্যাংকিং বিভাগ।
- (৩) বাছাই কমিটির নির্বাচিত প্রার্থীগণকে পুরস্কার প্রদানের পূর্বে রূপালী ব্যাংক লিমিটেড-এর পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে।


**৭. পুরস্কারের মান :**

পুরস্কারের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীগণের পুরস্কার হিসেবে প্রত্যেককে একটি করে সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

  
আব্দুল্লাহ-আল-রাফী  
সিনিয়র অফিসার  
সাধারণ ব্যাংকিং বিভাগ

  
সৈয়দ মোঃ মঞ্জুর মোশেদ আলী  
উপ-মহাব্যবস্থাপক  
সাধারণ ব্যাংকিং বিভাগ

  
সালমা ইয়াসমিন  
সহকারী মহাব্যবস্থাপক  
সাধারণ ব্যাংকিং বিভাগ

  
সালমা বানু  
মহাব্যবস্থাপক(প্রশাসন) ও ফোকাল পয়েন্ট